

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
আলফাডাঙ্গা, ফরিদপুর।

“খুচরা সার বিক্রেতা নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)”

“খুচরা সার বিক্রেতা নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত নীতিমালা-২০০৯” এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির ১১/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র উপজেলার টগরবন্দ ইউনিয়নের ৫ ও ৬ নং ওয়ার্ডের জন্য ১ জন করে মোট ২ জন খুচরা সার বিক্রেতা নিয়োগ প্রদান করা হবে। খুচরা সার বিক্রয়ে আত্মসম্মত প্রকৃত ব্যবসায়ীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর বরাবরে আগামী ০৩/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা কৃষি অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর এর কার্যালয়ে জমা দিতে হবে। এতদ্বারা অত্র দপ্তরের ১১/০৯/২০২৪ খ্রি. তারিখের ৩৯৫(২০) নং স্মারকমূলে জারীকৃত বিজ্ঞপ্তিটি বাতিল করা হলো।

“শর্তাবলী”

- ১) আবেদনকারীকে টগরবন্দ ইউনিয়নের ৫ ও ৬ নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) আবেদনে উল্লেখিত বাজারে দোকান ও গুদাম থাকতে হবে। ভাড়ার ক্ষেত্রে চুক্তিনামার ফটোকপি ও নিজস্ব হলে ভূমির মালিকানা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৩) নাগরিক সনদপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং আইডি কার্ডের জন্য ২কপি স্ট্যাম্প সাইজ ছবি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ৪) বালাইনাশক বিক্রির লাইসেন্স আছে এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫) খুচরা সার বিক্রেতা হিসেবে নির্বাচিত হলে আই ডি কার্ড পাওয়ার জন্য জামানত হিসাবে “উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি জামানত তহবিল” শিরোনামে বাংলাদেশ কৃষি ব্যাংক, আলফাডাঙ্গা শাখার চলতি হিসাব নং- ২৫৭ এর অনুকূলে ৩০০০০/- (ত্রিশ হাজার) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

স্বাক্ষর/(তুষার সাহা)
উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
আলফাডাঙ্গা, ফরিদপুর।

তারিখ : ২৪/০৯/২০২৪ খ্রি.

স্মারক নং : ৪১৬(২০)

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো :

- ১। উপজেলা কর্মকর্তা ও সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আলফাডাঙ্গা থানা ও সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ৩। কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, টগরবন্দ ইউনিয়ন পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ৫। উপ-সহকারী কৃষি অফিসার, টগরবন্দ ইউনিয়ন(সকল)।
- ৬। সভাপতি/সম্পাদক, বাজার বণিক সমিতি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ৭। সভাপতি/সম্পাদক, বিএফএ, আলফাডাঙ্গা উপজেলা শাখা।
- ৮। সভাপতি/সম্পাদক, আলফাডাঙ্গা প্রেস ক্লাব।
- ৯। মোঃ হাবিব মোল্যা, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর। বিজ্ঞপ্তিটি অত্র দপ্তরের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য বলা হলো।
- ১০। অফিস নথি।

স্মারক নং : ৪১৬/২০(৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো :

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ফরিদপুর।
- ২। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।

উপজেলা কৃষি অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর।

তারিখ : ২৪/০৯/২০২৪ খ্রি.

উপজেলা কৃষি অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর।